



বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম।

সূত্র নং- ১৮.১৬.০০০০.৩৫৩.০৩.০১০.২৩.

তারিখ: ১৩/০৭/২০২৩খ্রি.

লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের বিভিন্ন শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ০৪/০৬/২০২৩খ্রি.তারিখে দৈনিক সমকাল এবং দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ১৮.১৬.০০০০.৩৫৩.০০৩.০১০.২৩, এর প্রেক্ষিতে অফিস সহকারী- কাম কম্পিউটার অপারেটর পদে আবেদনকারী প্রার্থীগণের লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি মোতাবেক তাঁদের রোলের পার্শ্বে বর্ণিত কেন্দ্র সমূহে অনুষ্ঠিত হবে:

পদের নাম	তারিখ	সময়	রোল	পরীক্ষা কেন্দ্রের নাম
অফিস সহকারী-কাম কম্পিউটার অপারেটর	২১/০৭/২০২৩ শুক্রবার	বেলা ১০.৩০ হতে ১২.০০ ঘটিকা	2310300001-2310300562	বন্দর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, চট্টগ্রাম।
			2310300564-2310302944	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বালিকা উচ্চবিদ্যালয়, চট্টগ্রাম।
			2310302945-2310304200	চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ, চট্টগ্রাম।
			2310304201-2310305114	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উচ্চবিদ্যালয়, চট্টগ্রাম।
			2310305115-2310305720	চট্টগ্রাম বন্দর কলেজ, চট্টগ্রাম।

পরীক্ষাকালীন অবশ্য পালনীয় নির্দেশাবলি :

- ০২। লিখিত পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে www.job.bsc.gov.bd হতে ডাউনলোডকৃত পরীক্ষার প্রবেশপত্র আনতে হবে।
- ০৩। পরীক্ষার্থীগণকে তাঁদের প্রবেশপত্রটি পরবর্তীতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনমত প্রদর্শন করতে হবে।
- ০৪। পরীক্ষার্থীগণকে পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট পূর্বে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে এবং পরীক্ষা শুরুর পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না।
- ০৫। লিখিত পরীক্ষার সময় ৯০ মিনিট এবং উক্ত সময় অতিক্রান্ত হওয়ার পূর্বে কোন অবস্থাতেই পরীক্ষার্থী পরীক্ষার হল ত্যাগ করতে পারবেন না।
- ০৬। পরীক্ষা চলাকালে কোন পরীক্ষার্থী কোন প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস (যেমন-ঘড়ি, ক্যালকুলেটর, মোবাইল ফোন বা অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রাংশ) এবং বই, খাতা কিংবা বাড়তি কাগজ সঙ্গে রাখতে পারবেন না।
- ০৭। পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীকে হাজিরা শিটে তাঁর আবেদনপত্রের অনুরূপ স্বাক্ষর প্রদান করতে হবে।
- ০৮। লিখিত পরীক্ষার ফলাফল ২১/০৭/২০২৩ তারিখ রাতে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের (বিএসসি) নিজস্ব ওয়েবসাইটে (www.bsc.gov.bd) প্রকাশ করা হবে। পাশাপাশি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মোবাইলে এসএমএসের মাধ্যমে নিজ নিজ ফলাফল জানিয়ে দেওয়া হবে।
- ০৯। পরীক্ষার সময় কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে অথবা কক্ষ পরিদর্শকের সহিত কোন প্রকার অসদাচরণ করলে তাৎক্ষণিকভাবে উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা বাতিলপূর্বক বহিষ্কার করা হবে এবং তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। পরীক্ষার খাতায় কালো কালির কলম ব্যবহার করা বাঞ্ছনীয়।
- ১১। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএডিএ প্রদান করা হবে না।
- ১২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের ব্যবহারিক পরীক্ষা পরের দিন অর্থাৎ ২২/০৭/২০২৩খ্রি. তারিখে সকাল ১০.০০ ঘটিকা হতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উচ্চবিদ্যালয় এবং চট্টগ্রাম বন্দর কলেজে অনুষ্ঠিত হবে।
- ১৩। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণকে আগামী ২৪/০৭/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় বিএসসি প্রধান কার্যালয়, চট্টগ্রাম এ সশরীরে উপস্থিত হয়ে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে প্রার্থীগণকে www.job.bsc.gov.bd হতে ডাউনলোডকৃত পরীক্ষার প্রবেশপত্র এবং সকল প্রকার মূলসনদপত্র সঙ্গে আনতে হবে।

(মোহাম্মদ আশরাফুল আমিন)

উপ-সচিব ও মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিএসসি, চট্টগ্রাম।

টেলিফোনঃ ০৩১-৭২৪৮৩২

E-mail: gm-admin@bsc.gov.bd
